REGIONAL NEWS UNIT

**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 03-12-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**CM -Agarwood conclave:**

আগর রাজ্যের অর্থনৈতিক উন্নয়নের প্রতীক। আগর চাষ এ রাজ্যের ঐতিহ্য ও সংস্কৃতির সাথেও জড়িয়ে আছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল আগরতলার এক হোটেলে আগর উড কনক্লেভ এবং আগরভিত্তিক ক্রেতা বিক্রেতা সম্মেলনের উদ্বোধন করে একথা বলেন। তিনি আরও বলেন, আগর শিল্প ক্ষেত্রে মহিলাদের ক্রমবর্ধমান অংশগ্রহণ তাদের অর্থনৈতিক সমৃদ্ধির পথকে সুগম করে তুলছে। রাজ্যে বৃহৎ পরিসরে আগর চাষ এবং তার প্রক্রিয়াকরণের প্রসারে ২০২১ সালে ত্রিপুরা আগর উড পলিসি গ্রহণ করা হয়। এই নীতির ফলে আগামী ৪-৫ বছরে রাজ্যে আগর ভিত্তিক অর্থনীতি ২ হাজার কোটি টাকায় পৌঁছাবে। তাছাড়াও রাজ্যে আতর, ধূপ, আগরবাতি মশলা, প্রিমিয়াম ধুপকাঠি উৎপাদনের মাধ্যমে আগর ক্ষেত্রের অভ্যন্তরীণ বাণিজ্যকে সম্প্রসারিত করার প্রচেষ্টা নেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরা সরকারের প্রচেষ্টায় ভারত সরকারের বিভিন্ন দপ্তর আগর রপ্তানীকে সহজতর করার উদ্যোগ নিয়েছে। এই আগর উড সেক্টারের উন্নয়নের মাধ্যমে রাজ্যের জনগণের আর্থসামাজিক মান উন্নয়ন ঘটবে। অনুষ্ঠানে ভাষণে বনমন্ত্রী অনিমেষ দেববর্মা বলেন, আগর, আমাদের অর্থনীতিতে পরিবর্তন আনার ক্ষেত্রে বিরাট ভূমিকা নিতে পারে। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন রাজ্যের মুখ্যসচিব জে কে সিনহা, বন দপ্তরের প্রধান সচিব তথা প্রধান মুখ্য বন সংরক্ষক আর কে সামাল, ত্রিপুরা জাইকা (স্ক্যাটফর্ম প্রজেক্ট)'র মুখ্য কার্যনির্বাহী

আধিকারিক ও প্রকল্প অধিকর্তা পি এল আগরওয়াল, CII-নর্থ ইস্ট কাউন্সিলের সদস্য সঞ্জয় গাড়ওয়াল প্রমুখ ।অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বন দপ্তরের এনটিএফপি সেন্টার অব এক্সিলেন্সের প্রকাশিত দুটি বইয়ের আবরণ উন্মোচন সহ রাজ্যে উৎপাদিত আগরউড সামগ্রী বিক্রয়ের সূচনা করেন। তিনদিন ব্যাপী এই কনক্লেভ ও ক্রেতা বিক্রেতা সম্মেলনে, দেশ বিদেশের ক্রেতা-বিক্রেতা ও উদ্যোগপতিগণ অংশ নিয়েছেন।

*********************

**MEA on Asst. High Commission :**

পররাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ গতকাল এক বিবৃতিতে জানানো হয়েছে, আগরতলায় বাংলাদেশ সহকারী হাইকমিশন ভবনে ভাঙচুরের ঘটনা অত্যন্ত দুঃখজনক। পররাষ্ট্রমন্ত্রণালয় আরও বলেছে, কূটনৈতিক এবং কনস্যুলেটের সম্পত্তিকে কোনও পরিস্থিতিতেই লক্ষ্যবস্তু করা উচিত নয়। সরকার নয়াদিল্লিতে বাংলাদেশ হাইকমিশন এবং দেশের অন্যান্য স্থানে তাদের উপ-সহকারী হাইকমিশনগুলোর নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার পদক্ষেপ নিয়েছে।

*********************

**Paddy Procurement :**

রাজ্য সরকার চলতি রবি মরশুমেও আগামী ১৯শে ডিসেম্বর থেকে ন্যুনতম সহায়ক মূল্যে ধান কেনা শুরু করবে৷ রাজ্যের ৩৯টি ব্লকে কৃষকদের কাছ থেকে এক যোগে এই ধান কেনা শুরু হবে৷ গতকাল মহাকরণে এক সাংবাদিক সম্মেলনে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী এই সংবাদ জানান৷ তিনি জানান, এবছর রবি মরসুমে ২১ হাজার ৩১৫ মেট্রিক টন ধান কেনার লক্ষ্য মাত্রা নেওয়া হয়েছে৷ এবার রবি মরশুমে ধানের প্রতিকিলো ন্যুনতম সহায়ক মূল্য নির্ধারন করা হয়েছে ২৩ টাকা৷ এর ফলে রাজ্যের ১ লক্ষ ৮ হাজার ১২৭ জন কৃষক উপকৃত হবেন৷

*********************

**Bi-cycle Distribution-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার শিক্ষার প্রসারে বহুমুখী প্রকল্প রূপায়ণ করছে। এর মধ্যে নবম শ্রেণীর ছাত্রীদের মধ্যে বাইসাইকেল বিতরণ একটি অন্যতম প্রয়াস। গতকাল খয়েরপুর পল্লীমঙ্গল উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে, বিদ্যালয় শিক্ষা দপ্তর আয়োজিত জেলাভিত্তিক বাই-সাইকেল প্রদান কর্মসূচীর সূচনা করে তিনি একথা বলেন। তিনি বলেন, এই প্রকল্পের অধীনে ২০২২-২৩ শিক্ষাবর্ষে রাজ্যের ৯৯২টি সরকারি এবং অনুদানপ্রাপ্ত উচ্চ এবং উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের, নবম শ্রেণিতে পাঠরতা ২৩,৩০০ জন ছাত্রীকে বাই-সাইকেল প্রদান করা হবে।

এদিকে, গতকাল বিশ্রামগঞ্জ দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে সিপাহীজলা জেলাভিত্তিক নবম শ্রেনীর ছাত্রীদের বাই-সাইকেল প্রদান করা হয়।

এছাড়া, খোয়াই জেলা শিক্ষা দপ্তরের পক্ষ থেকেও গতকাল খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে পুর এলাকার ৫টি স্কুলের নবম শ্রেনীর ছাত্রীদের হাতে বাই সাইকেল তুলে দেওয়া হয়।

অন্যদিকে, কৈলাসহর উচ্চ মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গনে গতকাল ২০২২-২৩ শিক্ষাবর্ষের নবম শ্রেণীর ছাত্রীদের বাই-সাইকেল বিতরণ কর্মসূচী অনুষ্ঠিত হয়।

*********************

**CM-Tourism:**

পর্যটন দপ্তর আয়োজিত ‘ট্যুরিজম প্রোমো ফেস্ট’ আজ থেকে শুরু হচ্ছে। আজ বিকেলে ডম্বুর নার্রিকেল কুঞ্জে এই পর্যটন উৎসবের সূচনা করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা।

পরে নীরমহল ও জ্ম্পুই পাহাড়েও এই অনুষ্ঠান হবে। উল্লেখ্য, আগামী ১৪ই ডিসেম্বর আগরতলায়, এই প্রোমো ফেস্ট-এর সমাপ্তি অনুষ্ঠান হবে।

*********************

**World Disabled Day :**

আজ বিশ্ব দিব্যাঙ্গ দিবস। এই উপলক্ষে রাজ্যের প্রত্যেক জেলায় দিব্যাঙ্গজনদের নিয়ে ক্রীড়া প্রতিযোগিতা সহ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আজ সকালে পশ্চিম জেলাভিত্তিক অনুষ্ঠানটি হবে আগরতলার ক্ষুদিরাম বসু ইংলিশ মিডিয়াম স্কুলে। অনুষ্ঠানে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের মন্ত্রী টিংকু রায়-এর উপস্থিত থাকার কথা রয়েছে।

উল্লেখ্য, রাজ্যভিত্তিক মূল অনুষ্ঠানটি হবে এ মাসের ১৮ ও ১৯ তারিখ।

*********************

**PMKVY:**

প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনার আওতায় ২০১৯-২০ অর্থবর্ষ থেকে দেশে মোট ৯৪ লক্ষ যুবক যুবতীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এরমধ্যে চলতি অর্থবছরে PMKVY-র সুবিধাভোগীর সংখ্যা প্রায় ১৫ লক্ষ। গতকাল লোকসভায় এক প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় দক্ষতা উন্নয়ন ও উদ্যোগ মন্ত্রী জয়ন্ত চৌধুরী একথা বলেন। অন্য এক প্রশ্নের উত্তরে জানা গেছে, ৩ লক্ষেরও বেশি প্রার্থী প্রধানমন্ত্রী Internship স্কিমে তাদের প্রফাইল তৈরী করেছেন। উল্লেখ্য, এই যোজনার পাইলট প্রজেক্টের লক্ষ্যমাত্রা ছিল, বর্তমান অর্থবছরে দেশে ১ লক্ষ ২৫ হাজার Internship-এর সুযোগ সৃষ্টি করা।

*********************

**PM SVANidhi :**

আগরতলা পুর নিগমের দক্ষিণ জোনালের উদ্যোগে জোনাল অফিসে গতকাল স্ট্রীট ভেন্ডরদের আত্মনির্ভর করে তুলতে পিএম স্বনিধি যোজনায় ঋণ প্রদান করা হয়। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার প্রমুখ। শ্রী মজুমদার বলেন, পিএম স্বনিধি যোজনায় কোনো গ্যারান্টার ছাড়াই স্ট্রীট ভেন্ডারদের ঋণ দেওয়া হচ্ছে। তাদের জীবিকার মান আরো উন্নত করাই এই যোজনার মূল লক্ষ্য।

**********************

**Weather :**

আজ আকাশ পরিস্কার থাকবে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রির কাছাকাছি থাকবে। আগরতলা বিমানবন্দরে আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭.৬ ডিগ্রি সেলসিয়াস।

**********************

**********************